জনকণ্ঠ

তাং ... 10 APR 2013
পৃঃ ... ১৬ ... ৮

# এবার কলেজে অনার্স পড়ার শিক্ষার্থী পাওয়া যাচ্ছে না!

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ এবারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে অনার্সে ভর্তির জন্য শিক্ষার্থী খুঁজে পাওয়া যাচ্ছে না। এসব কলেজের অনার্সে মোট আসনের চেয়ে এবারের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণের সংখ্যা অনেক কম। মোট ১৩৮টি কলেজে আসন সংখ্যা ৯০ হাজার হলেও ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে ৮৪ হাজার ৭শ' ৮৩ শিক্ষার্থী। গত ২১ মার্চ অনুষ্ঠিত এই ভর্তি পরীক্ষার ফল বুধবার প্রকাশ করা হয়েছে। এতে দেখা যায়, পরীক্ষার জন্য আবেদন করে ১ লাখ ৯ হাজার ৪শ'২৬ শিক্ষার্থী। পরীক্ষায় অংশ নেয় ১ লাখ ৫ হাজার ১শ' ২২। এর মধ্যে উত্তীর্ণ হয় ৮৪ হাজার

(৭- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## এবার কলেজে অনার্স

(৮-এর পাতার পর)

৭শ' ৮৩ শিক্ষার্থী। কিন্তু আসন সংখ্যা হলো ৯০ হাজার। অর্থাৎ এবারে ৫ হাজার ২শ' ১৭টি আসন খালি থাকবে। যেখানে উচ্চ শিক্ষার ভর্তি পরীক্ষার ক্ষেত্রে চরম প্রতিযোগিতা হওয়ার কথা সেখানে ভর্তির জন্য ছাত্র পাওয়া যাচ্ছে না। বিষয়টি দেশের উচ্চ শিক্ষার দৈন্যের কথাই মনে করিয়ে দেয়। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বক্তব্য হচ্ছে, এবারে এইচএসসিতে রেজাল্ট খারাপ করার কারণে এমনটি হয়েছে। এদিকে ভর্তি পরীক্ষার ফল বুধবার পত্রিকার মাধ্যমে প্রকাশ করা হয়েছে। তবে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের বিস্তারিত ফল (মেধাক্রম অনুযায়ী) এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যের জন্য আগামী ১৫ এপ্রিল স্ব স্ব কলেজে যোগাযোগ করার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে নির্দেশ দেয়া হয়েছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা যে কলেজ থেকে পরীক্ষার জন্য আবেদন করেছিল সেইসব কলেজে যোগাযোগ করতে হবে।